

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৮৪২

পর্ব - ৭ ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩. সুদ - কারও জন্য সুপারিশ করার বিনিময়ে হাদিয়া গ্রহণ করার বিধান

আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ _ رضي الله عنه _ عَنِ النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ قَالَ: «مَنْ شَفَعَ لِأَخِيهِ شَفَاعَةً, فَأَهْدَى لَهُ هَدِيَّةً, فَقَبِلَهَا, فَقَدْ أَتَى بَابًا عَظِيمًا مِنْ أَبْوَابِ الرِّبَا». رَوَاهُ أَحْمَدُ, وَأَبُو دَاوُدَ, وَفِي إِسْنَادِهِ مَقَالٌ

ضعيف. رواه أحمد (5/ 261)، وأبو داود (3541)

বাংলা

৮৪২. আবূ উমামাহ (রাঃ) থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি তার কোন ভায়ের জন্য সুপারিশ করল, অতঃপর তার জন্য হাদিয়া দিল তার পর সুপারিশকারী তা গ্রহণ করল, তাহলে সে সুদেরই এক বড় দরজায় উপনীত হল। -এর সানাদটি আলোচনা সাপেক্ষ।[1]

ফুটনোট

[1] আবূ দাউদ ৩৫৪১, আহমাদ ২১৭৪৮

বিন বায হাশিয়া বুলুগুল মারাম ৫০৫ গ্রন্থে একে হাসান লিগাইরিহী বলেছেন। ইমাম শাওকানী আদ দুরারী আল মাযীয়া ৩০৫, নাইলুল আওত্বার ৯/১৭২ গ্রন্থে বলেন, এর সানাদে আশ শামির দুই গোলাম, আল কাসিম বিন আবদুর রহমান আবু আবদুর রহমান আল আমুবী রয়েছে যারা বিতর্কিত। শাইখ আলবানী সহীহ আবু দাউদ ৩৫৪১, সহীহুল জামে ৬৩১৬, গ্রন্থ দ্বয়ে একে হাসান বলেছেন। তবে সিলসিলা সহীহাহ ৩৪৬৫ গ্রন্থে একে সহীহ বলেছেন। আত তালীকাতুর রযীয়ায়হ ২/৫৩০ গ্রন্থে বলেন, এর সকল রাবী বিশ্বস্তও তাঁরা মুসলিমের বর্ণনাকারী।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

 ${\color{red} {\it O}} {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=70653}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন